

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্যসম্পদ সংরক্ষণ শাখা
মৎস্য ভবন, রমনা ঢাকা
www.fisheries.gov.bd

স্মারক নং- ৩৩.০২.০০০০.১২১.১১.০০২.২০-৬৬

তারিখ: ১৮/০২/২০২৫ খ্রি.

বিষয়: মৎস্য অফিসারকে মৎস্যজীবীর প্রত্যয়ন প্রদানে বিশেষ সতর্কতা অবলম্বন এবং ইতোপূর্বে প্রদানকৃত প্রত্যয়ন পুনরায় যাচাইকরণ।

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য -৫ শাখার স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৩০.৯৯.০১২.২৪.৬৫; তারিখ: ১৩/০২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব ফরিদা আখতার ঐর সভাপতিত্বে বিগত ০২.০২.২০২৫ তারিখে সরকারি জলমহালে মৎস্যসম্পদ বৃদ্ধি ও আহরণে করণীয় শীর্ষক একটি অংশীজন সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৪ নং আলোচ্য বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৪ (২). মৎস্য অফিসারকে মৎস্যজীবীর প্রত্যয়ন প্রদানে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে;

৪ (৩). প্রয়োজনে ইতোপূর্বে প্রদানকৃত প্রত্যয়ন পুনরায় যাচাই করতে হবে।

এমতাবস্থায়, সভায় উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৫ (পাঁচ) কাযদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।



(বরুন চন্দ্র বিশ্বাস)

উপপরিচালক (মৎস্যসম্পদ সংরক্ষণ)

ফোন: ০১৭১৫৫৭৬৮৯১

ইমেইল: borunbiswas19@gmail.com

জেলা মৎস্য কর্মকর্তা (সকল)


সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা(সকল)

স্মারক নং- ৩৩.০২.০০০০.১২১.১১.০০২.২০-৬৬/১(৬)

তারিখ: ১৮/০২/২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৩. উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর.....।
৫. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. অফিস কপি।



(ইসফাত আরা মিশু)

সহকারী পরিচালক

ফোন: ০২-২২৩৩৮০৬৫৩

ই-মেইল: jalmahaldof@gmail.com